দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JUN 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

১৫৩

## প্রাথমিক শিক্ষক নিয়োগে সাক্ষাৎকার

সংবাদপত্র পাঠ করিয়া জানিতে পারিলাম প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য নূতন পদ্ধতির প্রবর্তন করা হইয়াছে। এই পদ্ধতি অনুসারে নিয়োগের ক্ষেত্রে চূড়ান্ত নির্বাচনের জন্য জেলা প্রশাসককে চেয়ারম্যান করিয়া ৩ সদস্যের সাক্ষাৎকার কমিটি গঠন করা হইয়াছে। ইহা কোন বিধি মূলে করা হইয়াছে তাহা আমাদের বোধগম্য নহে। যেহেতু ১৮-৪-৯২ তারিখের শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তিতে মৌখিক সাক্ষাৎকার গ্রহণের কোন উল্লেখ ছিল না। এমনকি নিয়োগ যাহাতে সম্পূর্ণ নিরপেক্ষ এবং মেধাভিত্তিক তথা দুর্নীতিমুক্তভাবে হয় সেজন্য ১৯৯০ সালেও মৌখিক পরীক্ষা বাদ দিয়া কেবল লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগ করা হয়। এমনকি শিক্ষক নিয়োগ বিধিমালা '৯১-এ প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সাক্ষাৎকার গ্রহণের ব্যবস্থা রাখা হয় নাই। বর্তমানে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে চূড়ান্ত নির্বাচনের যে ব্যবস্থা করা হইয়াছে তাহাতে দুর্নীতির ব্যাপক বিস্তার ঘটিবে বলিয়া আমরা আশংকা করি। কাজেই নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে বিধি বহির্ভূত সাক্ষাৎকার পদ্ধতি বাতিল করিয়া কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটির মাধ্যমে মেধাভিত্তিক চূড়ান্ত নির্বাচনের ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মো: আব্দুল খালেক,
খাউসাম, কলমাকান্দা, নেত্রকোনা।